

## প্রবাসীদের জন্য লিগ্যাল সার্ভিস চালু করতে যাচ্ছে ডিএমপি

প্রবাসী বাংলাদেশীদের অভিযোগ দ্রুত নিষ্পত্তিকল্পে প্রথমবারের মতো রাজধানীতে প্রবাসী লিগ্যাল সার্ভিস চালু করতে যাচ্ছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। গতকাল রাজারবাগ পুলিশ লাইন অডিটরিয়ামে মাসিক অপরাধ পর্যালোচনা সভায় ঢাকা মহানগর পুলিশ কমিশনার নাঈম আহমেদ একথা বলেন। তিনি বলেন, প্রায় ৭০ লাখ বাংলাদেশী বিদেশে আছে। প্রবাসীরা বিভিন্ন ধরনের প্রতারণার শিকার হচ্ছেন। তাদের সম্পদ জোর করে অবৈধভাবে দখল করে নিচ্ছে। এসব কারণে ১৫ই এপ্রিল থেকে কাজ শুরু করবে প্রবাসী লিগ্যাল সার্ভিস সেল।

তিনি আরও বলেন, প্রবাসীদের পাঠানো বৈদেশিক মুদ্রার অবদান অপরিসীম। এ সেল প্রবাসী বাংলাদেশীদের অভিযোগ অনুসন্ধান ও যাচাই-বাছাই করবে। অভিযোগ ফৌজদারি হলে সংশ্লিষ্ট থানায় মামলা দায়েরের জন্য পাঠাবে। আর দেওয়ানি হলে আদালতে যাওয়ার পরামর্শ দেবে। এই সেলে একজন সহকারী পুলিশ কমিশনারের নেতৃত্বে আটজন সদস্য কাজ করবেন। এ সেল ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তরের সঙ্গে যুক্ত থেকে কাজ করবে। এর আগে কমিশনার নাঈম আহমেদ মার্চ মাসের অপরাধচিত্র তুলে ধরেন। তিনি বলেন, মার্চ মাসে রাজধানীতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ছিল।

এ মাসে খুন হয়েছে ২৪টি। ছিনতাইয়ের ঘটনায় ৮৯টি মামলা দায়ের করা হয়। এ ঘটনায় ৭৬ জনকে গ্রেপ্তার করে পুলিশ। গত মাসে ডাকাতির ঘটনায় চারটি মামলা হয়। এছাড়া দ্রুত বিচার আইনে ৬৬টি, নারী নির্যাতনে ১৪০, অপহরণের ঘটনায় ১৪, চুরির ৩২১, উদ্ধার ঘটনায় ৪২২টি মামলা দায়ের করা হয়। মার্চ মাসে রাজধানীর ৩৩ থানায় দু' হাজার ৪৯টি মামলা দায়ের করা হয়। অস্ত্র আইনে ১৩, মাদকদ্রব্য আইনে ১২৫, চোরাই গাড়ি উদ্ধার ৬৪, অজ্ঞান পার্টির ঘটনায় ১৬টি মামলা দায়ের করা হয়। মার্চ মাসে বিভিন্ন মামলায় চারশ' ১৪ জনকে গ্রেপ্তার করা হয়। এ সময় তিনি আরও বলেন, পহেলা বৈশাখ উপলক্ষে পুলিশ ও র্যাবের ছয় হাজার সদস্য দায়িত্বে থাকবেন।